67

দৈনিক বাংলা

তারিখ ... 2[illegible] APR 1997
পৃষ্ঠা ১ কলাম ৭

শিক্ষা বোর্ডের চেয়ারম্যানদের সঙ্গে বৈঠক

# প্রশ্নপত্র ফাঁস ও নকলরোধে বাস্তবপদক্ষেপ নিন ঃ প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, শিক্ষার্থীদের নৈতিকতার উন্নয়ন এবং শিক্ষাঙ্গনে শিক্ষা ও জ্ঞানার্জনের সুষ্ঠু পরিবেশ যদি নিশ্চিত করা যায় তাহলে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের প্রবণতা ব্যাপকভাবে হ্রাস পাবে। খবর বাসস'র।

দেশের বিভিন্ন শিক্ষা বোর্ডের চেয়ার-

(৪-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## প্রশ্নপত্র ফাঁস ও নকল রোধে বাস্তব পদক্ষেপ নিন

(প্রথম পৃষ্ঠার পর)

ম্যান রোববার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর দফতরে সাক্ষাৎ করেন। তাদের সঙ্গে আলাপকালে প্রধানমন্ত্রী দেশের শিক্ষা ব্যবস্থাকে গতিশীল করার জন্য পরীক্ষায় অসদুপায় অবলম্বন এবং প্রশ্নপত্র ফাঁসের মত অনাচার দূর করতে তাদের বাস্তবসম্মত পদক্ষেপ গ্রহণের আহবান জানান।

প্রধানমন্ত্রী দেশে দক্ষ জনশক্তি তৈরি করতে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা বিস্তারের প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, 'এটা শিক্ষিত যুবকদের চাকরি খোঁজার প্রবণতা দূর করতে সাহায্য করবে।' তিনি শিক্ষার মান উন্নয়নে পদক্ষেপ গ্রহণের জন্য বোর্ড কর্তৃপক্ষের প্রতি আহবান জানান। এ ব্যাপারে তিনি শিক্ষকদেরকে প্রশিক্ষণ দেয়ার প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, শিক্ষকরা হচ্ছে দেশের ভবিষ্যৎ প্রজন্মের প্রকৃত স্থপতি।'

প্রধানমন্ত্রী বলেন, পাঠ্যক্রমকে এমন-ভাবে প্রণয়ন করতে হবে, যাতে শিক্ষার্থীরা তাদের বই ও স্কুলকে ভীতিকর না ভেবে পছন্দের বিষয় হিসাবে গণ্য করে।

প্রধানমন্ত্রীর যেসব ভুয়া স্কুল-মাদ্রাসা মিথ্যা ও জাল কাগজপত্রের মাধ্যমে সরকারী অনুদান নিচ্ছে সেগুলোকে চিহ্নিত করারও নির্দেশ দেন।

প্রধানমন্ত্রী ছাত্র-ছাত্রীদের মধ্যে এমন অনুভূতি জাগিয়ে তোলার ওপর গুরুত্ব আরোপ করেন, যাতে তারা শ্রমের মর্যাদার কথা ভাল করে জানতে পারে। তিনি দেশের আর্থ-সামাজিক অগ্রগতি অর্জনের লক্ষ্যে শিক্ষা সম্প্রসারণ এবং সমাজ থেকে নিরক্ষরতা দূরীকরণের ওপরও গুরুত্ব আরোপ করেন।

এর আগে রাজশাহী শিক্ষা বোর্ডের চেয়ারম্যান শের মোহাম্মদ দেশের বিভিন্ন শিক্ষা বোর্ডের সমস্যা ও সম্ভাবনা সম্পর্কে প্রধানমন্ত্রীকে অবহিত করেন।

এর মধ্যে শিক্ষা প্রতিষ্ঠানসমূহের জন্য ব্যবস্থাপনা কমিটি গঠন, স্কুল, কলেজ ও মাদ্রাসার এ্যাফিলিয়েশন বৃদ্ধি, নতুন কেন্দ্র খোলা, পরীক্ষা পরিচালনা এবং বোর্ডের অন্যান্য কর্মকাণ্ডের কথা তুলে ধরা হয়।

শিক্ষামন্ত্রী এ এস এইচকে সাদেক, শিক্ষা সচিব আবদুল্লাহ হারুন পাশা, ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মোহাম্মদ তোজাম্মেল হোসেন, কুমিল্লা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ডঃ আজিজুর রহমান, যশোর শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মোহাম্মদ আফসার উদ্দিন শেখ, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের ভারপ্রাপ্ত চেয়ারম্যান অধ্যাপক মকবুল আহমদ, কারিগরি শিক্ষা বোর্ডের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মোহাম্মদ শাহ আলম ও মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মোহাম্মদ ইউনুস সিকদার এ সময় উপস্থিত ছিলেন।